



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালকের কার্যালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
রাজশাহী অঞ্চল, রাজশাহী  
e-mail: director.edu.raj@gmail.com  
web: www.dshe.rajshahidiv.gov.bd



স্মারক নং: মাউশি/রাজ/২০২৩/ ৪০৬২

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ

২৪ মে ২০২৩ খ্রি.

বিষয়: জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ এর জেলা পর্যায়ে ফলাফল প্রেরণ এবং অঞ্চল পর্যায়ে প্রতিযোগিতার নির্ধারিত ডেন্যু, তারিখ ও সময়ে প্রতিযোগীর অংশগ্রহণ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

- সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৬২.০০৪.০০৭.২১-৪৭, তারিখ: ০৪/০৪/২০২৩ খ্রি.  
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৭.০০.০০০০.০৬২.০০৪.০০৭.২১-৪৮, তারিখ: ০৪/০৪/২০২৩ খ্রি.  
(৩) গত ২৩/০৫/২০২৩ খ্রি. তারিখের বিভাগীয় কমিশনার, রাজশাহী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৩/০৫/২০২৩ খ্রি. তারিখের বিভাগীয় কমিশনার, রাজশাহী মহোদয়ের সভাপতিত্বে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩ এর অঞ্চল কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় “জাতীয় শিক্ষা সপ্তাহ নীতিমালা-২০২৩” পর্যালোচনা করা হয় এবং আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে অঞ্চল পর্যায়ে প্রতিযোগিতার ডেন্যু, তারিখ এবং সময় নিম্নরূপে নির্ধারণ করা হয়। অতএব জেলা পর্যায়ে বিজয়ীদের ফলাফল সংযুক্ত ছকে আগামী ২৫/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে ই-মেইল ঠিকানা (director.edu.raj@gmail.com) (এমএস ওয়ার্ড ফাইল নিক্স ফর্মে) মূল্যায়ন শীট ও মূল্যায়ন শীটে প্রদত্ত নম্বরের স্বপক্ষে প্রয়োজনীয় সাপোর্টিং পেপার (হার্ড কপি) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। অঞ্চল পর্যায়ে প্রতিযোগিতায় নিম্নলিখিত ডেন্যু, তারিখ এবং জেলা পর্যায়ে (ইভেন্ট ৪.১.১ থেকে ৪.১.১৬) বিজয়ীদের উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধ করা হলো।

ডেন্যু: শহীদ এ.এইচ. এম কামানুজ্জামান সরকারি ডিগ্রী কলেজ, রাজশাহী।

তারিখ: ২৭/০৫/২০২৩ খ্রি.

সময়: সকাল ৯ ঘটিকা থেকে শুরু।


বিশেষ দৃষ্টব্য:

- ০১) জেলা শিক্ষা অফিসারগণ প্রয়োজ্যক্ষেত্রে (ইভেন্ট ৫.৩.১ থেকে ৫.৫ পর্যন্ত) জাতীয় শিক্ষা-২০২৩ নীতিমালায় প্রদত্ত মূল্যায়ন শীট মোতাবেক বিজয়ী নির্বাচনান্তে মূল্যায়ন শীট এবং তার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে ফলাফল প্রেরণ করতে হবে;
- ০২) জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ অঞ্চল পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত মূল প্রত্যয়নপত্র, ০২ (দুই) কপি পাসপোর্ট ও ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবির (নাম ঠিকানা সহ) সঙ্গে আনবেন;
- ০৩) একক সংগীতের ইভেন্টগুলোতে শুধুমাত্র হারমোনিয়াম ও ডুগি তবলা ব্যবহার করা যাবে;
- ০৪) কোন প্রতিযোগী তানপুরা ব্যবহার করতে চাইলে প্রতিযোগীকে তা নিজে বাজিয়ে ব্যবহার করতে হবে, কেন্দ্রীয়ভাবে তানপুরা সরবরাহ করা হবে না;
- ০৫) যে সকল বিষয়ের প্রতিযোগিতা শুধুমাত্র পেপারওয়ার্ক এর মধ্যে সীমাবদ্ধ সে সকল ক্ষেত্রে অঞ্চল পর্যায়ে প্রতিযোগী প্রেরণের কোনো প্রয়োজন নেই, শুধুমাত্র আনুষঙ্গিক প্রমাণক প্রেরণ করতে হবে;
- ০৬) বাংলা কবিতা আবৃত্তি (স্বরচিত/নির্বাচিত) এর জন্য গুণভিত্তিক নিম্নলিখিত কবিতা নির্বাচন করা হলো:

ক্র.নং	গুণ	কবিতার নাম	কবির নাম	স্তবক
১.	৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি বা সমপর্যায়	স্বাধীনতা, এই শব্দটি কীভাবে আমাদের হলো	নির্মলেন্দু গুণ	শেষ তিন স্তবক
২.	৯ম থেকে ১০ম শ্রেণি বা সমপর্যায়	আমার পরিচয়	সৈয়দ শামসুল হক	প্রথম তিন স্তবক
৩.	১১শ থেকে ১২শ বা সমপর্যায়	বাংলা ছাড়ো	সিকান্দার আবু জাফর	প্রথম তিন স্তবক
৪.	১৩শ থেকে ১৭শ বা সমপর্যায়	বিদ্রোহী	কাজী নজরুল ইসলাম	প্রথম তিন স্তবক

০৭) নৃত্য ও জারীগানের প্রতিযোগীদের ক্ষেত্রে একজন অভিভাবক সাজসজ্জায় সহযোগিতা করতে ড্রেসিং রুম পর্যন্ত যাবার অনুমতি পাবেন, কোনভাবেই প্রতিযোগিতার মূল ডেন্যুতে অভিভাবকবৃন্দ প্রবেশের অনুমতি পাবেন না।

প্রয়োজনে জনাব মোঃ আব্দুর রহিম, সহকারী পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল (মোবাইল নম্বর: ০১৭১৪-২৫৭৬৮৮) এবং জনাব মানিক চন্দ্র প্রামাণিক, গবেষণা কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী মোবাইল নম্বর: ০১৭২৩-২৮২৭৬৬-এ যোগাযোগ করা যেতে পারে।

  
২৪/০৫/২০২৩

(প্রফেসর নোঃ আব্দুল খালেক সরকার-৪৮০৫)

সদস্য সচিব (আঞ্চলিক কমিটি)

জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৩

ও

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

রাজশাহী অঞ্চল, রাজশাহী

ফোন: ০২৪৭-৮১২৪৫৮

জেলা শিক্ষা অফিসার (সকল)

রাজশাহী অঞ্চল, রাজশাহী।